



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
আইসিটি সেল
শ্রম ভবন, ১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,
বিজয়নগর, ঢাকা-১০০০।
www.dife.gov.bd

তারিখ: ১ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০১.৯৯.০০৮.২০.৬

বিষয়: ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ কার্যকর সংক্রান্ত প্রত্যয়নপত্র।

এতদ্বারা প্রত্যয়ন করা যাচ্ছে যে, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ কার্যকর রয়েছে এবং সেবাসমূহের লিংক নিম্নে প্রদান করা হ'ল। সর্বশেষ ১২/০১/২০২৫ খ্রি. তারিখে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক পর্যবেক্ষণ করে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের উক্ত সেবাসমূহ কার্যকর রয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে।

| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আই ডিয়ার কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | বাস্তবায়নকাল |
|--------------|--|---|---|---|--|--------------------|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ |
| ০১ | LIMA Online Licensing full automation | শ্রম আইন ও বিধি অনুযায়ী কারখানা/প্রতিষ্ঠানের লাইসেন্সকরণ প্রক্রিয়াটি একটি জটিল প্রক্রিয়া। এই প্রক্রিয়াটি সহজতর এবং সম্পূর্ণ অনলাইন করার জন্য LIMA Online Licensing full automation নামক উদ্যোগটি নেওয়া হয়। এটি বাস্তবায়নের ফলে কারখানা/প্রতিষ্ঠান কর্তৃপক্ষ অনলাইনে কারখানার মেশিন লে-আউট প্ল্যান অনুমোদনের আবেদন, কারখানা/প্রতিষ্ঠানের লাইসেন্স অনুমোদনের আবেদন, সংশ্লিষ্ট ফী সমূহ অনলাইনে প্রদান, লাইসেন্স ভেরিফিকেশন ইত্যাদির কাজ করতে পারবেন। অন্যদিকে, অধিদপ্তরের কর্মচারীগণ সম্পূর্ণ অনলাইনে কারখানার মেশিন লে-আউট প্ল্যান অনুমোদন, লাইসেন্স অনুমোদন এবং এসবের সাথে সংশ্লিষ্ট সকল কাজ করতে পারবেন। | কার্যকর আছে | প্রত্যাশিত ফলাফল পাচ্ছে | lima.dife.gov.bd | ২০১১-২২ অর্থবছর |

| | | | | | | |
|----|---------------------------------------|--|-------------|--|--|-----------------|
| ০২ | LIMA OSH module upgradation | শ্রম আইন ও বিধি অনুযায়ী বাংলাদেশে অবস্থিত সরকারি মালিকানাধীন ব্যতীত সকল কারখানা/প্রতিষ্ঠান-কে নিয়মিতভাবে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক কিছু প্রতিবেদন এবং কোন দুর্ঘটনা ঘটলে তার নোটিশ এবং প্রতিবেদন ডাইফ-কে প্রেরণ করতে হয়। এইসব প্রতিবেদন ও নোটিশ প্রেরণের কাজটি সম্পূর্ণ অনলাইনে করা, সময়মত প্রতিবেদন প্রেরণ না করলে কারখানা/প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে নোটিফিকেশন পাঠানো, এবং প্রতিবেদন ও নোটিশ গুলো নিয়ে একটি ডেটাবেজ নির্মাণ করাই LIMA OSH module upgradation এর উদ্দেশ্য। | কার্যকর আছে | কারখানা ব্যবহারকারীদের প্রশিক্ষণ চলমান। প্রচার প্রচারণা ব্যাপকভাবে করলে দ্রুত প্রত্যাশিত ফল পাওয়া যাবে। | lima.dife.gov.bd | ২০২১-২২ অর্থবছর |
| ০৩ | ডাইফ ইনভেন্টরি এন্ড রিকুইজিশন সিস্টেম | একটি ওয়েব-বেজড সফটওয়্যার যাতে প্রত্যেক কর্মচারীর প্রাপ্যতা (সংশ্লিষ্ট প্রজ্ঞাপন অনুযায়ী) সফটওয়্যার ব্যবহারকারীর পদবী অনুযায়ী প্রি-ডিফাইন করা থাকবে। প্রত্যেক কর্মচারীর নিজ নামে উক্ত সফটওয়্যারে একাউন্ট থাকবে। উক্ত একাউন্টে লগ-ইন করে তিনি পণ্যের চাহিদা পত্র একটি অনলাইন ফরম পূরণ করে প্রেরণ করবেন। পণ্য সরবরাহকারী শাখার একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার জন্য 'ইনভেন্টরি ম্যানেজার' হিসাবে একটি একাউন্ট থাকবে এবং উক্ত একাউন্টে লগ-ইন করে তিনি প্রাপ্ত সকল চাহিদাপত্র তালিকা আকারে দেখতে পাবেন। সেই তালিকায় পণ্যের চাহিদার পাশাপাশি পণ্যের বর্তমান স্টক প্রদর্শন করবে। তালিকা যাচাইপূর্বক চাহিদাপত্র অনুমোদনের ব্যবস্থা থাকবে। | কার্যকর আছে | প্রত্যাশিত ফলাফল পাচ্ছে। | www.dife.gov.bd | ২০২০-২১ অর্থবছর |
| ০৪ | ডাইফ OSH ই-টুল | একটি কারখানা তাদের নিজস্ব রিস্ক অ্যাসেসমেন্ট এর মাধ্যমে ঝুঁকি নিরূপণ করতে পারবে। রিস্ক অ্যাসেসমেন্ট পরবর্তী কারখানার পেশাগত সেফটি বজায় রাখার জন্য কি কি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন সে বিষয়ে একটি সম্যক সহযোগিতা/গাইডলাইন এই ই-টুল প্রদান করবে। | কার্যকর আছে | প্রত্যাশিত ফলাফল পাচ্ছে | www.dife.gov.bd | ২০২১-২২ অর্থবছর |

| | | | | | | |
|----|-------------------------------------|---|-------------|-------------------------|------------------|-----------------|
| ০৫ | শ্রমিকের কাজের সময়ের নোটিশ অনুমোদন | বাংলাদেশ শ্রম আইন মোতাবেক বেসরকারী মালিকানাধীন কারখানা/প্রতিষ্ঠানের শ্রমিকের কর্মঘণ্টার নোটিশের দ্রুত অনুমোদন নিশ্চিত করা যাবে। অধিদপ্তরের লিমা সফটওয়্যারে নিবন্ধিত সকল কারখানা তাঁদের কাজের সময়ের নোটিশ অনুমোদনের জন্য অনলাইনে আবেদন করতে পারবেন। সেবাটি সহজীকরণের ফলে শ্রমিকদের ৮ ঘণ্টার অধিক কাজ করানো হচ্ছে কিনা, শ্রমিকরা অধিকাল কর্মের জন্য নির্ধারিত মজুরি পাচ্ছে কিনা, আহাৰ ও বিশ্রামের বিরতি আইন ও বিধি মোতাবেক শ্রমিকরা পাচ্ছে কিনা, সাপ্তাহিক ছুটি কার্যকর হচ্ছে কিনা, শ্রমিকরা নির্দিষ্ট সময়ে কাজে আসছে কিনা এসকল বিষয় শ্রম পরিদর্শন এবং শ্রমিক/মালিক সচেতনতা বৃদ্ধির মাধ্যমে নিশ্চিত করা সম্ভব হবে। | কার্যকর আছে | প্রত্যাশিত ফলাফল পাচ্ছে | lima.dife.gov.bd | ২০২৩-২৪ অর্থবছর |
|----|-------------------------------------|---|-------------|-------------------------|------------------|-----------------|



১৫-০১-২০২৫

ওমর মোঃ ইমরুল মহসিন
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
৮৮০২২২৬৬৬৪২০২ (ফোন)
৮৮০২২২৬৬৬৪২০৩ (ফ্যাক্স)
ig@dife.gov.bd

সচিব

সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।

দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০১.৯৯.০০৮.২০.৬/১ (৬)

তারিখ: ১ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্মসচিব), অতিরিক্ত মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ২। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৩। যুগ্ম মহাপরিদর্শক, প্রশাসন অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ৪। সহকারী মহাপরিদর্শক (সাধারণ), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ৫। শ্রম পরিদর্শক (স্বাস্থ্য), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

৬। শ্রম পরিদর্শক (সাধারণ), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।



১৬-০১-২০২৫

আল আমিন

সহকারী মহাপরিদর্শক (সাধারণ)